

২০২৬

বাংলা - এম. ডি. সি

পত্র : CC-5

(প্রাগাধুনিক বাংলা সাহিত্য - ১)

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) “আজু হাম কি পেখলু নবদীপচন্দ” — কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? নবদীপচন্দ কে? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১+১+১+১২

অথবা

- (খ) ‘মাধুর’ বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? পাঠ্যপদ অবলম্বনে তাঁর কৃতিত্বের মূল্যায়ন করো। ২+১+১২

- ২। (ক) “দুঃখ-দারিদ্র্যের চিত্র অঙ্কনে অসাধারণ দক্ষতা সত্ত্বেও দুঃখবাদ নয়, জীবনরসের উপভোগই কবির স্বভাব ধর্ম।” — ‘কবিকঙ্কণ চণ্ডী’র ‘আখোটিক খণ্ড’ অবলম্বনে এই উক্তিটির সঙ্গতি বিচার করো। ১৫

অথবা

- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে কালকেতু একটি উজ্জ্বল মানব চরিত্র। — আলোচনা করো। ১৫

- ৩। (ক) আগমনী-বিজয়ার গানকে কেবলমাত্র ধর্মীয় গীতি হিসেবে না দেখে বাঙালির দৈনন্দিন জীবনের মা ও মেয়ের সম্পর্কের বাস্তব ও স্পর্শকাতর জীবনচিত্র বলাই অধিকতর সংগত। — আলোচনা করো। ১৫

অথবা

- (খ) শাক্তপদ রচনায় সাধক কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবিকৃতির মূল্যায়ন করো। ১৫

- ৪। (ক) “গাগরি বারি ঢারি করি পীছল” — কোন পর্যায়ের পদ? পদকর্তা কে? রাধা যাত্রার জন্য কী কী প্রস্তুতি নিয়েছেন সংক্ষেপে লেখো। ১+১+৩

অথবা

- (খ) “আহীরী রমণী হাসে দাঁড়াইয়া চারপাশে।

হয় নয় দেখ শুধাইয়া।।” —

— কোন পর্যায়ের পদ? কবি কে? ‘আহীরী’ শব্দটির অর্থ কী? আহীরী রমণীদের হাসির কারণ কী? ১+১+১+২

Please Turn Over

(6685)

৫। (ক) “দুঃখ কর অবধান দুঃখ কর অবধান।

আমানি খাবার গর্ত দেখে বিদ্যমান।।”

বক্তা কে? কার উদ্দেশ্যে একথা বলা হয়েছে? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো।

১+১+৩

অথবা

(খ) “বাণ্যা বলে ভাইপো ইবে নাহি দেখি তো

এ তোর কেমন ব্যবহার।।”

— কার উদ্দেশ্যে কে এই উক্তি করেছে? এর মধ্যে বক্তার চরিত্রের কোন লক্ষণ প্রকাশ পেয়েছে?

২+৩

৬। (ক) “এবার আমার উমা এলে আর উমা পাঠাব না।

বলে বলুক লোকে মন্দ কারো কথা শুনব না।।”

— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? বক্তার এমন মনোভাবের কারণ ব্যাখ্যা করো।

১+১+৩

অথবা

(খ) “কু-পুত্র অনেক হয় মা

কু-মাতা নয় কখনো তো।।”

— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? পদটির নিহিতার্থ ব্যাখ্যা করো।

১+১+৩

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও—

১×১৫

(ক) “তাতল সৈকত বারি-বিন্দুসম” — ‘তাতল’ শব্দের অর্থ কী?

(খ) “সখি কি পুছসি অনুভব মোয়” — কোন পর্যায়ের পদ?

(গ) “দাঁড়াইয়া নন্দের আগে” — পদটির পদকর্তা কে?

(ঘ) ‘দ্বিতীয় বিদ্যাপতি’ কাকে বলা হয়?

(ঙ) “পাসরিতে করি মনে পাসরা না যায় গো

কি করিব কি হবে উপায়।” — ‘পাসরিতে’ কথার অর্থ কী?

(চ) কবিকঙ্কণ মুকুন্দের কাব্যের আসল নাম কী?

(ছ) “নেউগী চৌধুরী নই না করি তালুক।” — কে, কার উদ্দেশ্যে এরকম মন্তব্য করেছে?

(জ) “কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে” — এখানে ‘ষোড়শী কন্যা’ কে?

(ঝ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে ব্যবহৃত হয়েছে এরকম একটি প্রবাদের উল্লেখ করো।

(ঞ) “খিলভূমি লিখে লাল” — ‘খিলভূমি’ শব্দের অর্থ কী?

(ট) শান্তপদাবলীর মূল রস কী?

(ঠ) “ওরে নবমী নিশি, না হইও রে অবসান।” — উক্তিটির বক্তা কে?

(ড) “মা আমায় ঘুরাবে কত” — পদটি কার লেখা?

(ঢ) ‘ভক্তের আকৃতি’ পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে?

(ণ) কোন পর্যায়ের পদে জগজ্জননীর প্রতি ভক্তের অভিমান ও অভিযোগ ধ্বনিত হয়েছে?